

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-১ অধিশাখা  
www.mohfw.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০১৫.১৮-২২২

তারিখ : ২৭ তারিখ ১৪২৬ বঙ্গাব্দ  
১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ তয় শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ মমেক/পদ সৃষ্টি/১৬-১৯/৫৪৮২ তারিখঃ- ০৭/০৮/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্মারকের পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ মেডিকেল কলেজের নিম্ন বর্ণিত তয় শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ জিও জারির তারিখ হতে আগামী ০৬ (ছয়) মাসের জন্য নির্দেশক্রমে বৃদ্ধি করা হলঃ

ক্র:নং	পদের নাম	পদের সংখ্যা
০১	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৪ (চার)টি
	মোট	০৪ (চার)টি পদ

শর্তাবলী:

০১. সকল আনুষ্ঠানিকতা পালনসহ অনুমোদিত নিয়োগ বিধিমালা ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০২. কেবল মৃত্যুজনিত ও অবসর জনিত কারণে অর্থাৎবিধি সম্মতভাবে পদ শূন্য হলে উক্ত শূন্য পদে জনবল নিয়োগ করা যাবে। আউট পোস্টিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
০৩. বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন- মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর তফসিলে অন্তর্ভুক্ত নেই, এমন কোন শূন্য পদে সরাসরি নিয়োগ প্রদান করা যাবে না;
০৪. পদোন্নতিযোগ্য শূন্য পদে সরাসরি নিয়োগ করা যাবে না;
০৫. রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃষ্ট কোন শূন্য পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের হালনাগাদ সংরক্ষণ আদেশ থাকতে হবে;
০৬. সরাসরি নিয়োগযোগ্য সকল শূন্য পদ সংশ্লিষ্ট সংস্থার অর্গানোগ্রাম ভুক্ত হতে হবে;
০৭. পদ সৃষ্টির জিওতে বর্ণিত পদের বেতন গ্রেডের সঙ্গে বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮ এর তফসিলে বর্ণিত সংশ্লিষ্ট বেতন গ্রেড সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
০৮. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় এবং অন্যান্য তথ্যের কোন গরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে প্রস্তাবকারী কর্তৃপক্ষ/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
০৯. বর্তমানে ছাড়কৃত ০৪ (চার) টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ জিওতে অন্তর্ভুক্ত থাকে এবং উক্ত পদের নিয়োগ কার্যক্রম চলমান থাকে ও উক্ত পদের বিরুদ্ধে কোন মামলা চলমান থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবে না;
১০. জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।

স্বাক্ষরিত :-

(মোহাম্মদ মোহসীন উদ্দিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৬০৫১

email-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ

ময়মনসিংহ মেডিকেল কলেজ

ময়মনসিংহ।

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০১৫.১৮-২২২/১(৬)

তারিখঃ ১১/০৯/২০১৯খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।
- ২। যুগ্ম সচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

১১.৬.২০১৯

(মোহাম্মদ মোহসীন উদ্দিন)

উপসচিব